



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- ৬/কল/লাল/৪২/৪৭৮

তারিখঃ ২৬/০৭/২০১৭

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা শাখায় পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৮.১৬.৫৪৬, তারিখঃ ২২/০৬/২০১৭।

এতদ্বারা প্রস্তাবিত কলেজ কর্তৃপক্ষকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা শাখায় প্রাথমিক অনুমতি প্রদানের লক্ষ্যে মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ এবং অপর পৃষ্ঠায় উল্লেখিত শর্তে নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদন সহ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ (০১/০৭/২০১৭ তারিখ) হতে শুধুমাত্র ব্যবসায় শিক্ষা শাখায় একাদশ শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

শাখাসমূহ :

১। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় :

- (১) বাংলা
- (২) ইংরেজি
- (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈর্বচনিক বিষয় :

- (ক) ব্যবসায় শিক্ষা শাখা :
- ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
 - ২। হিসাব বিজ্ঞান।
 - ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।
 - ৪। ভূগোল।

শর্তসমূহ :

- ১। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না।
- ৩। সকল শিক্ষক NTRCA-এর নিবন্ধন কৃত হতে হবে।
- ৪। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৫। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৬। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ইং জুন, ১৯৮৪ পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৭। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৮। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা শাখায় সর্বোচ্চ ১০০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে।
- ৯। চলতি শিক্ষাবর্ষে (২০১৭-২০১৮) উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে।

চলমান পাতা-২

- ১০। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১১। বিজ্ঞান শাখার জন্য মান সম্পন্ন বিজ্ঞানাগার জরুরি ভিত্তিতে চালু করতে হবে।
- ১২। গ্রন্থাগারে কম পক্ষে ২০০০ (দুই হাজার) বই সংরক্ষণ করতে হবে।
- ১৩। পূর্ববর্তি কমিটির মেয়াদ উত্তীর্ণের আগেই গভর্নিং বডি গঠনের কার্য সম্পাদন করতে হবে।
- ১৪। শিক্ষা বোর্ডের নির্দিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।
- ১৫। উপরোক্ত শর্তসমূহ ব্যর্থ হলে এ অনুমতি পত্র প্রত্যাহার করা হবে।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
নামুড়ী আদর্শ বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাকঘরঃ নামুড়ীর হাট,
উপজেলাঃ আদিতমারী, জেলাঃ লালমনিরহাট।



১৫/৯/১৭ -
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

স্মারক নং- ৬/কল/লাল/৪২/৪৭৮

তারিখঃ ২৬/০৭/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
- ৬। ওয়েব সাইট কপি।
- ৭। অফিস কপি।


 কলেজ পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
 দিনাজপুর।

 ২৬/৭/১৭

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।